গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
**[ভ্যাট অনুবিভাগ]**

**সাধারণ আদেশ নং-১২/মূসক/২০২৬** **তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ। / ৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ।**

**বিষয়: জাতীয় রাজস্ব বোর্ডের eVAT পোর্টালের মাধ্যমে অনলাইনে দাখিলপত্র পেশ বাধ্যতামূলককরণ প্রসঙ্গে**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২-এর ধারা ৬৪-এর উপধারা (৫) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬-এর বিধি ১১৮ক-এ প্রদত্ত ক্ষমতাবলে টেবিল-১-এ বর্ণিত খাতসমূহের ক্ষেত্রে কলাম (১)-এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহের বিপরীতে কলাম (২)-এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)-এর আওতাধীন কলাম (৩)-এ বর্ণিত পণ্যসমূহের উৎপাদনকারীদের এবং টেবিল-২-এ বর্ণিত সেবা খাতসমূহের ক্ষেত্রে কলাম (১)-এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহের বিপরীতে কলাম (২)-এ উল্লিখিত সেবা কোডের আওতাধীন কলাম (৩)-এ বর্ণিত সেবা খাতসমূহের সরবরাহকারীদের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের eVAT পোর্টালের মাধ্যমে অনলাইনে দাখিলপত্র প্রদান বাধ্যতামূলক করা হলো, যথা:

**টেবিল-১ (উৎপাদন পর্যায়ে)**

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) | পণ্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৪.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সিগারেট |
| ৮৫.১৭ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মোবাইল ফোন |
| ৭২.১৩ হতে ৭২.১৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এমএস পণ্য |
| ৩০.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ওষুধ |
| ২২.০১ হইতে ২২.০৯ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পানীয় |
| ২৫.২৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সিমেন্ট |
| ৬৯.০৭ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | টাইলস |
| ৩২.০৭ হতে ৩২.১২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | রং ও বার্নিশ |

**টেবিল-২ (সেবা পর্যায়ে)**

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০২৭ | S০২৭.০০ | বীমা |
| S০৫৬ | S০৫৬.০০ | ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী |
| | S০৫৬.১০ | মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী |

০২। যদি কোনো নিবন্ধিত ব্যক্তি উপরোল্লিখিত পণ্য বা সেবার পাশাপাশি অন্য কোনো পণ্য বা সেবা সরবরাহ কার্যক্রমের সঙ্গেও জড়িত থাকেন, তবে তাঁর ক্ষেত্রেও এই আদেশ প্রযোজ্য হবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড অনলাইনে দাখিলপত্র পেশ বাধ্যতামূলক-সংক্রান্ত ইতোপূর্বে কোনো আদেশ জারি করে থাকলে, এই আদেশ জারির পর ওই আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে। এ ছাড়া, জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশে বর্ণিত খাতসমূহের তালিকায় যেকোনো সময় সংযোজন বা বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করে।

০৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

//

**( মোঃ আজিজুর রহমান )**
সদস্য (মূসক নীতি)

**প্রাপকঃ উপ-পরিচালক**
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

**[ তাঁকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০৬.২৫/ ৩৩৮(২৬) তারিখঃ ২০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ।

**<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ</u> (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

২-৫। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৬-২৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার/ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।

২৪। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

২৫। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

২৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Sept 20-2026

**মুহাম্মদ মাহফুজ আলম**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)